

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৫৬

১/ বিবিধ

আরবী

النظر في المصحف عبادة، ونظر الولد إلى الوالدين عبادة، والنظر إلى علي بن أبي طالب عبادة موضوع

أخرجه ابن الفراتي من طريق محمد بن زكريا بن دينار حدثنا العباس بن بكار حدثنا عباد بن كثير عن أبي الزبير عن جابر مرفوعا ذكره السيوطي في " اللآليء " (1 / 346) شاهدا وسكت عليه! وهو موضوع فإن محمد بن زكريا هو الغلابي وهو معروف بالوضع والجملة الأخيرة منه أوردها ابن الجوزي في " الموضوعات " من رواية جماعة من الصحابة وأعلها كلها، وتعقبه السيوطي في " اللآليء " (1 / 342 _ 346) بمتابعات وشواهد كثيرة ذكرها، ولذلك أورده في " الجامع الصغير " وقد صحح الذهبي في " تلخيص المستدرك " (3 / 141) أحد شواهده، وفيه نظر بينته فيما سيأتي إن شاء الله برقم (4702)

বাংলা

৩৫৬। মুসহাফে (কুরআনে) দৃষ্টি দেয়া ইবাদাত, সন্তান কর্তৃক পিতা মাতার দিকে দৃষ্টি দেয়া ইবাদত এবং আলী ইবনু আবী তালেবের দিকে দৃষ্টি দেয়া ইবাদাত।

হাদীসটি জাল।



এটি ইবনুল ফুরাতী মুহাম্মাদ ইবনু যাকারিয়া ইবনে দীনার সূত্রে ... বর্ণনা করেছেন। সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৪৬) শাহেদ হিসাবে উল্লেখ করে চুপ থেকেছেন! অথচ এটি বানোয়াট, কারণ মুহাম্মাদ ইবনু যাকারিয়া জালকারী হিসাবে প্রসিদ্ধ। শেষ বাক্যটি ইবনুল জাওয়ী "আল-মাওযুআত" গ্রন্থে একদল সাহাবী হতে উল্লেখ করেছেন এবং সবগুলোকে "আল-মাওযু"আত" গ্রন্থে উল্লেখ করার কারণ ব্যাখ্যা করেছেন।

সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (১/৩৪২-৩৪৬) বহু মুতাবায়াত এবং শাহেদ উল্লেখ করে তার সমালোচনা করেছেন। এ জন্যই সেটিকে "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। যাহাবী "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থে (৩/১৪১) একটি শাহেদকে সহীহ্ বলেছেন। তার এ সহীহ বলার মধ্যে বিরূপ মন্তব্য রয়েছে। পরবর্তীতে এ সম্পর্কে ব্যাখ্যা আসবে ৪৭০২ নং হাদীসের আলোচনায়।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন